আজকের কাগজ

তারিখ ... 11 NOV 1994 ...
পৃষ্ঠা ৫ কলাম ২

৩৪

# ছাত্রদের লাগাতার আন্দোলনের মুখে রাজশাহী সরকারি কলেজ বন্ধ ঘোষণা

রাজশাহী সরকারি কলেজ গত ৮ নভেম্বর থেকে অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করা হয়েছে। কলেজের এক প্রেস বিজ্ঞপ্তিতে জানা গেছে, হোস্টেলের ছাত্র-ছাত্রীদেরকে ঐ দিন দুপুর ১২টার মধ্যে হল ত্যাগ করতে বলা হয়েছে। অনুষ্ঠিতব্য পরীক্ষাসমূহ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হবে। জানা গেছে, রাজশাহী কলেজের এবারের একাদশ শ্রেণীর ভর্তি পরীক্ষায় ব্যাপক অনিয়ম ও দুর্নীতির আশ্রয় নেয়া হয়েছে এ দাবি তুলে সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্র সমাজ ও ছাত্রদল ভর্তি পরীক্ষার নম্বর জনসম্মুখে প্রকাশের দাবিতে লাগাতার ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছিলো। ছাত্রদের শান্তিপূর্ণ আন্দোলনের এক পর্যায়ে পুলিশ বাধা দিলে গত ৬ নভেম্বর পুলিশের সঙ্গে ছাত্রদের সংঘর্ষ বাধে। এ সংঘর্ষ ৩ দফায় সারাদিন চলে। ফলে উদ্ভূত পরিস্থিতিতে রাজশাহী কলেজ ১০ তারিখ পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত কর্তৃপক্ষ ঘোষণা দিয়েছিলো। এরপরও ছাত্রদের আন্দোলন অব্যাহত থাকলে শিক্ষক পরিষদের এক জরুরি সভায় ৮ নভেম্বর কলেজ অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়। এদিকে কলেজ বন্ধের প্রতিবাদে কলেজ ছাত্র সংসদ,

সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্র সমাজ ও ছাত্রদল পৃথক পৃথকভাবে অধ্যক্ষের দফতরের সামনে বিক্ষোভ-সমাবেশ করে।

সমাবেশে নেতারা অবিলম্বে কলেজ অধ্যক্ষকে অপসারণ এবং কলেজ খুলে দিয়ে ছাত্র-ছাত্রীদের স্বাভাবিক শিক্ষার পরিবেশ নিশ্চিত করার আহবান জানান। রাজশাহী থেকে সুব্রত দাস।